

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের ইনোভেশন টিমসমূহের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।


সভাপতি	মোঃ মোতাহার হোসেন যুগ্মসচিব
সভার তারিখ	৩০ জুলাই ২০১৯ খ্রি:।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকায়।
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় পাসম ও আওতাধীন সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বার্ষিক মূল্যায়ন, ইনোভেশন কার্যক্রম, সেবা সহজীকরণ ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বার্ষিক মূল্যায়নে দেখা যায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অর্জন ৭৪.৯, নদী গবেষণা ইনস্টিটিউট এর অর্জন ৪৪, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অর্জন ৩২.৮, বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অর্জন ৪১ এবং যৌথ নদী কমিশনের অর্জন ২৮। বাপাউবো ছাড়া অন্যান্য সংস্থাগুলোর অর্জন মানসম্মত নয়, ভবিষ্যতে কর্মপরিকল্পনা বাস্তবায়নে আরও সচেতন হওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের আইসিটি নীতিমালা-২০১৮ ছাড়াও ই-সার্ভিস, ই-নথি ব্যবহার ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল সংস্থা কর্তৃক প্রণীত হওয়ায় বিষয়টি কার্যপত্র থেকে বাদ দেয়া হয়। সভায় বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত নেওয়া হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
(ক)	মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে নিয়মিত ইনোভেশন টিমের সভা অব্যাহত রাখতে হবে।	পাসম ও সংস্থাসমূহ
(খ)	পাসম ও আওতাধীন সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদের (বিশেষকরে সকল কর্মকর্তার নাম, পদবী, টেলিফোন/মোবাইল নং ইত্যাদি) বিষয়টি ইনোভেশন টিম পর্যবেক্ষণ করবে। প্রয়োজনে পরামর্শ প্রদান করবে।	পাসম ও সংস্থাসমূহ
(গ)	ডিসেম্বর ২০১৯ এর মধ্যে ইনোভেশন শোকেসিং এর আয়োজন করতে হবে। বাপাউবো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং অন্যান্য সংস্থা সহায়তা প্রদান করবে।	পাসম ও সংস্থাসমূহ
(ঘ)	মন্ত্রণালয় থেকে আওতাধীন সংস্থাসমূহকে ইনোভেশন কোডে অর্থ বরাদ্দের প্রক্রিয়া সম্পর্কে অর্থ মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করে সভাপতি কে অবহিত করতে হবে।	বাজেট শাখা, পাসম
(ঙ)	আগস্ট ২০১৯ এর মধ্যে প্রতিটি জোনে ই-ফাইলিং এ ওপর প্রশিক্ষণের শিডিউল (তারিখসহ) আগামী ২০ আগস্টের এর মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (প্রতিটি জোনের ই-জিপি ল্যাভে এক বা একাধিক ব্যাচ করা যেতে পারে)	প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো
(চ)	ইনোভেশন কমিটিতে উন্নয়ন-০৩ শাখা কর্মকর্তাকে কো-আপ্ট করতে হবে।	প্রশাসন শাখা-২, পাসম
(ছ)	Inventory Management system সফটওয়্যারের এক/একাধিক কোম্পানীর ডেমো দেখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	উপসচিব (উন্নয়ন-৩)

(জ)	ইনোভেশন টিমের সভায় আইডব্লিউএম ও সিইজিআইএস এর কার্যকারী কোন ভূমিকা না থাকায় ইনোভেশন টিমের সভা থেকে বর্গিত ২ সংস্থাকে অব্যাহতি দেয়া হয়।	পাসম
(ঝ)	জনাব এ এইচ এম আনোয়ার পাশা, উপসচিব (উন্নয়ন-০৩) কে মন্ত্রণালয়ের পক্ষ থেকে দুটি ইনোভেশন আইডিয়া জরুরী দাখিল করার জন্য অনুরোধ করা হলো।	উপসচিব (উন্নয়ন-৩), পাসম

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোতাহার হোসেন

যুগ্মসচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০৩.১৭.২৮৮

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৬

৩১ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৪) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
- ৫) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
- ৬) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৭) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৮) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট
- ৯) সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
- ১০) উপসচিব, বাজেট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১১) পরিচালক (পরিকল্পনা), পরিচালক-১ এর দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
- ১২) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৩) পরিচালক, পরিচালকের দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
- ১৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৭) জনাব আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
- ১৮) সহকারী সচিব, আইন শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়



নাজমুল ইসলাম ভূইয়া

সিনিয়র সহকারী সচিব